দৈনিক ইত্তেফাক

35

তারিখ 11 JAN 1996
পৃষ্ঠা 7 কলাম ৬

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞান সম্মেলন শুরু

চট্টগ্রাম অফিস ॥ গতকাল (বুধবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্রে ৪ দিনব্যাপী গাণিতিক পদার্থ বিদ্যা ও ক্যামিক্যাল ফিজিক্স

(১০ম পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বিজ্ঞান সম্মেলন

( ১ম পৃঃ পর )

শীর্ষক এক আন্তর্জাতিক সম্মেলন শুরু হইয়াছে। সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক এম, শামসুল হক, উদ্বোধনী অধিবেশনে বক্তব্য রাখেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক রফিকুল ইসলাম চৌধুরী, গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক জামাল নজরুল ইসলাম, জাপানের অধ্যাপক হিরোশি এজাওয়া, যুক্তরাজ্যের সাসেক্স বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জি সি রেইথ, রাশিয়ার অধ্যাপক ভি, রুভাকভ, কলিকাতার এস, এন বোস ইনষ্টিটিউটের অধ্যাপক অভিজিত মুখার্জি।

উদ্বোধনী অনুষ্ঠানে এম শামসুল হক বলেন, পদার্থ বিদ্যা এক নয়া জগতের সৃষ্টি করিয়াছে। আধুনিক পদার্থবিদ্যা বিশ্বের রহস্য উন্মোচন করিয়াছে যাহা কয়েক দশক পূর্বেও সম্ভব ছিল না। তিনি বলেন, পদার্থবিদ্যা ও গণিত শাস্ত্রে যেসব আধুনিক গবেষণা চলিতেছে, তাহার ব্যাপক প্রভাব ফেলিয়াছে রসায়ন জীববিদ্যা, প্রকৌশল এবং অর্থনীতির বিভিন্ন ক্ষেত্রে। ইহার ফলশ্রুতিতে কম্পিউটার এবং তথ্য হাইওয়ে-এর উপর নূতন দিগন্তের সৃষ্টি হইয়াছে।

সম্মেলনে স্বাগত ভাষণে ভিসি অধ্যাপক-রফিকুল ইসলাম বলেন, বিশ্বের বিভিন্ন দেশের বিজ্ঞানীদের লইয়া এই সম্মেলন তরুণ বিজ্ঞানীদের অনুপ্রেরণা সৃষ্টি করিবে। এই সম্মেলন তৃতীয় বিশ্বের দেশগুলির ব্যাপারে নূতন দিক নির্দেশনা দিতে পারে।